

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা।

নং-০৪.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১৩-৩১৪

তারিখঃ ১০ পৌষ ১৪২০
২৪ ডিসেম্বর ২০১৩

বিষয়ঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।


আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯.১২.২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০২.০০৯.১২-১০৫৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলার আইন-শৃঙ্খলা রক্ষা এবং এতদসংক্রান্ত কার্যক্রম সমন্বয়ের জন্য নিম্নরূপভাবে একটি কোর কমিটি গঠন করা হলঃ

জেলা প্রশাসক	সভাপতি
পুলিশ সুপার	সদস্য
ব্যাটালিয়ান কমান্ডার/কমান্ডিং অফিসার, বিজিবি (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
ইউনিট কমান্ডার, কোস্টগার্ড (উপকূলবর্তী জেলার ক্ষেত্রে)	সদস্য
কমান্ডার, র্যাব	সদস্য
জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি	সদস্য
উপপরিচালক, এনএসআই	সদস্য
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	সদস্য-সচিব

০২। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

০৩। উক্ত কমিটি আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে বিভিন্ন সূত্র থেকে আগাম তথ্য সংগ্রহ করবে এবং উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় যৌথভাবে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবে। কোর কমিটি জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে। জরুরি পরিস্থিতিতে কোর কমিটি জেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত সার্বিক অবস্থা পর্যালোচনা করবে এবং প্রয়োজনবোধে সভায় মিলিত হয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও এতদসংক্রান্ত কার্যাবলি সমন্বয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। কোর কমিটির সভাপতি জেলার দৈনন্দিন আইন-শৃঙ্খলা সম্পর্কিত বিষয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত রাখবেন।

০৪। উপর্যুক্ত নির্দেশনামতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(এম কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৪৪৭

জেলা প্রশাসক (সকল)

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর